হযরত আমীরুল মুমেনীন খলীফাতুল মসীহ্ আল্ খামেস' মির্যা মাসরূর আহমদ (আইঃ) সমীপে বয়'আতের আবেদন

اَلسَّلَامُ عَلَيْكُمْ وَرَحْمَةُ اللّٰهِ وَبَرَكَاتُهٗ۔

اَشْهَدُ اَنْ لَّآ اِلٰهَ اِلَّا اللّٰهُ وَحْدَهٗ لَا شَرِيْكَ لَهٗ وَاَشْهَدُ اَنَّ مُحَمَّدًا عَبْدُهٗ وَرَسُوْلُهٗ
اَشْهَدُ اَنْ لَّآ اِلٰهَ اِلَّا اللّٰهُ وَحْدَهٗ لَا شَرِيْكَ لَهٗ وَاَشْهَدُ اَنَّ مُحَمَّدًا عَبْدُهٗ وَرَسُوْلُهٗ

অর্থ ঃ আমি সাক্ষ্য দিতেছি যে, আল্লাহ্ ভিন্ন কোন উপাস্য নাই, তিনি এক-অদ্বিতীয়, তাঁহার কোন শরীক নাই এবং আমি সাক্ষ্য দিতেছি যে, মুহাম্মদ (সাঃ) তাঁহার বান্দা ও রসূল।

আমি আজ (হযরত মির্যা) মাসরূর আহমদ (আইয়্যাদাহুল্লাহুতা'লা বেনাসরিহিল আযীয)-এর হাতে বয়'আত করিয়া আহ্মদীয়া মুসলিম জামা'তে দাখিল হইতেছি। হযরত মুহাম্মদ রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলায়হে ওয়াসাল্লামকে আমি খাতামান নবীঈন বলিয়া দৃঢ় ও পরিপূর্ণ বিশ্বাস পোষণ করি। হযরত মুহাম্মদ রসূলুল্লাহ্ (সাঃ) প্রদত্ত শুভসংবাদ অনুযায়ী আমি হযরত মির্যা গোলাম আহমদ কাদিয়ানী আলায়হেস সালামকে মসীহ্ মাওউদ ও ইমাম মাহ্দী বলিয়া মান্য করি।

আমি অঙ্গীকার করিতেছি যে, হযরত মসীহ্ মাওউদ আলায়হেস্ সালাম কর্তৃক নির্ধারিত বয়'আতের দশটি শর্ত সযত্নে পালন করিতে সর্বদা চেষ্টা করিব। ধর্মকে পার্থিব বিষয়াদির উপরে অগ্রাধিকার প্রদান করিব। আহমদীয়া খিলাফতের সহিত সর্বদা বিশ্বস্ততার সম্পর্ক রক্ষা করিব এবং খলীফাতুল মসীহ্ হিসাবে আপনার সকল কল্যাণময় নির্দেশ পালনে সচেষ্ট থাকিব।

اَسْتَغْفِرُ اللّٰهَ رَبِّيْ مِنْ كُلِّ ذَنْبٍ وَّ اَتُوْبُ اِلَيْهِ۔ اَسْتَغْفِرُ اللّٰهَ رَبِّيْ مِنْ كُلِّ ذَنْبٍ وَّ اَتُوْبُ اِلَيْهِ۔
اَسْتَغْفِرُ اللّٰهَ رَبِّيْ مِنْ كُلِّ ذَنْبٍ وَّ اَتُوْبُ اِلَيْهِ۔

অর্থ ঃ আমি আমার প্রভু আল্লাহ্ তা'লার নিকট আমার সমুদয় পাপ হইতে ক্ষমা প্রার্থনা করি এবং তাঁহারই সমীপে প্রত্যাবর্তন করি।

رَبِّ إِنِّي ظَلَمْتُ نَفْسِي وَ اعْتَرَفْتُ بِذَنْبِي فَاغْفِرْلِي ذُنُوبِي فَإِنَّهُ لَا يَغْفِرُ الذُّنُوبَ إِلَّا أَنْتَ -

অর্থ ঃ হে আমার প্রভু প্রতিপালক ! আমি আমার প্রাণের উপর যুলুম করিয়াছি এবং আমি আমার সকল গুনাহ্ স্বীকার করিতেছি। তুমি আমার গুনাহ্‌সমূহ ক্ষমা কর, কারণ তুমি ব্যতীত অন্য কেহ ক্ষমাকারী নাই। আমীন।

নাম.. বয়স (　　　)

পিতা বা স্বামীর নাম ....

স্থায়ী ঠিকানা- গ্রাম ঃ .... ডাকঘর ঃ ....

থানা / উপজেলা ঃ .... জেলা ঃ ....

বর্তমান ঠিকানা ....

.... ফোন.........................

কাহার তবলীগে বয়'আত করিতেছেন ....

যে স্থানীয় জামাতের সাথে সংযুক্ত থাকিবেন ঃ ....

* বয়'আতকারীর স্ত্রী ও সন্তানদের নাম ও স্বাক্ষর ....

....

....

বয়'আতকারীর স্বাক্ষর ও তারিখ　　　　বয়'আত পরিচালনাকারীর স্বাক্ষর

সত্যায়নকারীর স্বাক্ষর ____________________

(আমীর / প্রেসিডেন্ট / দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা)

ন্যাশনাল আমীর

** কেবলমাত্র বয়'আতকারীর স্ত্রী ও সন্তানগণ একইসাথে বয়'আত করিলে প্রযোজ্য।*

আহমদীয়া মুসলিম জামা'তের পবিত্র প্রতিষ্ঠাতা
হযরত মির্যা গোলাম আহমদ কাদিয়ানী
প্রতিশ্রুত মসীহ্ ও ইমাম মাহ্দী (আঃ)
কর্তৃক প্রবর্তিত

বয়'আত গ্রহণের দশটি শর্ত

(১) বয়'আত গ্রহণকারী সর্বান্তঃকরণে অঙ্গীকার করিবে যে, এখন হইতে ভবিষ্যতে কবরে যাওয়া পর্যন্ত শির্‌ক (খোদাতা'লার অংশীবাদিতা) হইতে পবিত্র থকিবে।

(২) মিথ্যা, ব্যভিচার, কামলোলুপ দৃষ্টি, প্রত্যেক পাপ ও অবাধ্যতা, যুলুম ও খেয়ানত, অশান্তি ও বিদ্রোহের সকল পথ হইতে দূরে থাকিবে। প্রবৃত্তির উত্তেজনা যতই প্রবল হউক না কেন, উহার শিকারে পরিণত হইবে না।

(৩) বিনা ব্যতিক্রমে খোদা ও রসূল (সাঃ)-এর হুকুম অনুযায়ী পাঁচ ওয়াক্ত নামায পড়িবে, সাধ্যানুযায়ী তাহাজ্জুদ নামায পড়িবে, রসূলে করীম সাল্লাল্লাহু আলায়হে ওয়া সাল্লামের প্রতি দরূদ পড়িবে, প্রত্যহ নিজের পাপসমূহ ক্ষমার জন্য আল্লাহ্ তা'লার নিকট প্রার্থনা করিবে ও এস্তেগফার পড়িবে, ভক্তিপুত হৃদয়ে তাঁহার অপার অনুগ্রহ স্মরণ করিয়া তাঁহার হাম্‌দ ও তা'রীফ (প্রশংসা) করিবে।

(৪) উত্তেজনার বশে অন্যায়রূপে, কথায়, কাজে বা অন্য কোন উপায়ে আল্লাহ্‌র সৃষ্ট কোন জীবকে, বিশেষতঃ কোন মুসলমানকে কোন প্রকার কষ্ট দিবে না।

(৫) সুখে-দুঃখে, কষ্টে-শান্তিতে, সম্পদে-বিপদে সকল অবস্থায় খোদাতা'লার সহিত বিশ্বস্ততা রক্ষা করিবে। সকল অবস্থায় তাঁহার প্রতি সন্তুষ্ট থাকিবে। তাঁহার পথে সকল লাঞ্ছনা-গঞ্জনা, দুঃখ-কষ্ট বরণ করিয়া লইতে প্রস্তুত থাকিবে এবং সকল অবস্থায় তাঁহার মীমাংসা মানিয়া লইবে। কোন বিপদ উপস্থিত হইলে পশ্চাদপদ হইবে না, বরং সম্মুখে অগ্রসর হইবে।

(৬) সামাজিক কদাচার পরিহার করিবে। কুপ্রবৃত্তির অধীন হইবে না। কুরআনের অনুশাসন পরিপূর্ণরূপে শিরোধার্য করিবে এবং প্রত্যেক কাজে আল্লাহ্ ও রসূলে করীম সাল্লাল্লাহু আলায়হে ওয়া সাল্লামের আদেশকে জীবনের প্রতি ক্ষেত্রে অনুসরণ করিয়া চলিবে।

(৭) ঈর্ষা ও গর্ব সর্বতোভাবে পরিহার করিবে। দীনতা, বিনয়, শিষ্টাচার, ও অনাড়ম্বর জীবন যাপন করিবে।

(৮) ধর্ম ও ধর্মের সম্মান করাকে এবং ইসলামের প্রতি আন্তরিকতাকে নিজ ধন-প্রাণ, মান-সম্ভ্রম, সন্তান-সন্ততি ও সকল প্রিয়জন হইতে প্রিয়তর জ্ঞান করিবে।

(৯) আল্লাহ্ তা'লার প্রীতি লাভের উদ্দেশ্যে তাঁহার সৃষ্ট জীবের সেবায় যত্নবান থাকিবে এবং খোদার দেওয়া নিজ শক্তি ও সম্পদ যথাসাধ্য মানব-কল্যাণে নিয়োজিত করিবে।

(১০) আল্লাহ্‌র সন্তুষ্টি লাভের উদ্দেশ্যে ধর্মানুমোদিত সকল আদেশ পালন করিবার প্রতিজ্ঞায় এই অধমের (অর্থাৎ হযরত মসীহ্ মাওউদ আলায়হেস্ সালামের) সহিত যে ভ্রাতৃত্ব বন্ধনে আবদ্ধ হইল, জীবনের শেষ মুহূর্ত পর্যন্ত তাহাতে অটল থাকিব। ভ্রাতৃত্ব বন্ধন এতো বেশী গভীর ও ঘনিষ্ঠ হইবে যে, দুনিয়ার কোন প্রকার আত্মীয় সম্পর্কের মধ্যে উহার তুলনা পাওয়া যাইবে না। (ইশতেহার তকমীলে তবলীগ ঃ ১২ই জানুয়ারী, ১৮৮৯ইং)

মৌলিক বিশ্বাস সম্পর্কে হযরত মসীহ্ মাওউদ (আঃ) বলেন ঃ

"যে পাঁচটি স্তম্ভের উপর ইসলামের ভিত্তি স্থাপিত, উহাই আমার আকিদা বা ধর্ম-বিশ্বাস। আমরা এই কথার উপর ঈমান রাখি যে, খোদাতা'লা ব্যতীত কোন মাবূদ নাই এবং সাইয়্যেদনা হযরত মুহাম্মদ মুস্তাফা সাল্লাল্লাহু আলায়হে ওয়া সাল্লাম তাঁহার রসূল এবং খাতামুল আম্বিয়া। আমরা ঈমান রাখি যে, কুরআন শরীফে আল্লাহ্ তা'লা যাহা বলিয়াছেন এবং আমাদের নবী সাল্লাল্লাহু আলায়হে ওয়া সাল্লাম হইতে যাহা বর্ণিত হইয়াছে উল্লেখিত বর্ণনানুসারে তাহা যাবতীয় সত্য। আমরা ঈমান রাখি যে, যে ব্যক্তি এই ইসলামী শরীয়ত হইতে বিন্দু মাত্র কম বেশী করে, অথবা যে বিষয়গুলি অবশ্য করণীয় বলিয়া নির্ধারিত তাহা পরিত্যাগ করে এবং অবৈধ বস্তুকে বৈধকরণের ভিত্তি স্থাপন করে, সে ব্যক্তি বে-ঈমান এবং ইসলাম বিদ্রোহী। আমি আমার জামাতকে উপদেশ দিতেছি যে, তাহারা যেন বিশুদ্ধ অন্তরে পবিত্র কলেমা 'লা ইলাহা ইল্লাল্লাহু মুহাম্মাদুর রাসূলুল্লাহ্-এর উপরে ঈমান রাখে এবং এই ঈমান লইয়া মৃত্যু বরণ করে।"

(আইয়ামুস সুলেহ ঃ পৃঃ ৮৬-৮৭)